# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৯৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৬. বালকদের কখন থেকে সালাতের নির্দেশ দিতে হবে?

باب مَتَى يُؤْمَرُ الْغُلاَمُ بِالصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ دَاوُدَ الْمَهْرِيُّ، حَدَّثَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنَا هِشَامُ بْنُ سَعْدٍ، حَدَّثَنِي مُعَاذُ بْنُ عَبْدِ اللهِ بْنِ خُبَيْبٍ الْجُهَنِيُّ، قَالَ دَخَلْنَا عَلَيْهِ فَقَالَ لاِمْرَأَتِهِ مَتَى يُصَلِّي الصَّبِيُّ فَقَالَتْ كَانَ رَجُلٌ مِنَّا يَذْكُرُ عَنْ رَسُولِ اللهِ صلي الله عليه وسلم أَنَّهُ سُئِلَ عَنْ ذَلِكَ فَقَالَ " إِذَا عَرَفَ يَمِينَهُ مِنْ شِمَالِهِ فَمُرُوهُ بِالصَّلاَةِ " .

ـ ضعيف

বাংলা

৪৯৭। হিশাম ইবনু সা’দ (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আমরা মু’আয ইবনু ’আব্দুল্লাহ ইবনু খুবাইব আল-জুহানীর কাছে গেলাম। এ সময় তিনি তার স্ত্রীকে বললেন, শিশু কখন সালাত আদায় করবে? তার স্ত্রী বললেন, আমাদের মধ্যকার জনৈক ব্যক্তি এ বিষয়ে উল্লেখ করেন যে, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, কে এ সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেছিলেনঃ শিশু যখন ডান ও বাম (হাতের) পার্থক্য নির্ণয় করতে পারবে তখন তাকে সালাত আদায়ের নির্দেশ দিবে।[1]

দুর্বল।

## English

Narrated Mu'adh ibn Abdullah ibn Khubayb al-Juhani:

Hisham ibn Sa'd reported: We entered upon Mu'adh ibn Abdullah ibn Khubayb al-Juhani. He said to his wife: When (at what age) should a boy pray? She replied: Some person of us reported: The Messenger of Allah (ﷺ)

was asked about it; he said: When a boy distinguishes right hand from the left hand, then command him to pray.

ফুটনোট

[1] ত্বাবারানী ‘আত্তসাত্ব’ (৩/৩৩৮, হাঃ ৩০৪৩), বায়হাক্বী (৩/৮৪)। আল্লামা হায়সামী মাজমাউস যাওয়ায়িদ (১/২৯৪) গ্রন্থে বলেন, হাদীসটি ত্বাবারানী আত্তসাত্ব ও সাগীর গ্রন্থে বর্ণনা করেছেন এবং তিনি ‘আওসাতে’ বলেছেন, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সূত্রে এ সনদ ছাড়া এটি বর্ণিত হয়নি, এবং সাগীরে বলেছেন, এর রিজাল সিক্বাত। ‘আওনুল মা‘বূদে রয়েছেঃ হাফিয ‘আত-তাক্বরীব’ গ্রন্থে বলেনঃ সনদে মু‘আয ইবনু আব্দুল্লাহ ইবনু খুবাইব জুহানী সত্যবাদী, কিন্তু তাকে সন্দেহ করা হতো চতুর্থ স্তরের দোষে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ হিশাম ইবনে সা'দ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57815

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন